গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৭৭

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৮
৩০ আগস্ট ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**২। আজ ৩০ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, রাজশাহী, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম /দক্ষিণ-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। ৩০ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে দক্ষিণ ছত্রিশগড় এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্যপ্রদেশ, লঘুচাপের কেন্দ্রস্থল, উড়িষ্যা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে উত্তর-পূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।**

**পূর্বাভাসঃ রংপুর, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.০ | ৩০.৫ | **৩৪.৫** | ৩১.৩ | ৩৩.৫ | ৩২.৮ | ৩৩.৪ | ৩২.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৪ | ২৫.৯ | ২৪.৪ | **২৩.৬** | ২৬.০ | ২৪.৮ | ২6.০ | ২৬.৪ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ফেনী ৩৪.৫$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ২৩.৬$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। **এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পুর্বাভাস:**

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, আগামী ৪৮ ঘন্টায় উভয় নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার মনু এবং খোয়াই ব্যতীত প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, পাবনা, মানিকগঞ্জ, রাজবাড়ী এবং ফরিদপুর জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

**৪ (ক)। ২৬ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:**

- **ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। বগুড়া জেলার সারিয়াকান্দি স্টেশন, সিরাজগঞ্জ জেলার কাজিপুর ও সিরাজগঞ্জ স্টেশন, টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশনে এবং মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশনে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীলভাবে বাড়তে পারে, যার ফলে চলমান এ সকল জেলায় বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ২৮শে আগস্ট নাগাদ জামালপুর জেলার বাহাদুরাবাদ স্টেশনে পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে।**
- **গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫ দিন স্থিতিশীল থাকতে পারে। পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীল ভাবে বাড়তে পারে যার ফলে চলমান বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। মুন্সীগঞ্জের ভাগ্যকূল এবং মাওয়া পয়েন্টে ও শরীয়তপুর সুরেশ্বর পয়েন্টে পানি সমতল ২৯শে আগষ্ট নাগাদ বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে।**
- **ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। আগামী ৭ দিনে ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।**

**৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৪৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৫৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০৯** | **বিপদ সীমার উপরে** | **১৩** |

**৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ৩০ আগস্ট ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদ সীমা (মিটার) | বিপদ সীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম | কুড়িগ্রাম | ধরলা | ২৬.৮৪ | +১০ | ২৬.৫০ | +৩৪ |
| কুড়িগ্রাম | চিলমারি | ব্রহ্মপুত্র | ২৩.৯৬ | +০৮ | ২৩.৭০ | +২৬ |
| গাইবান্ধা | ফুলছড়ি | যমুনা | ১৯.৯২ | +০৫ | ১৯.৮২ | +১০ |
| জামালপুর | বাহাদুরাবাদ | যমুনা | ১৯.৬৪ | +০২ | ১৯.৫০ | +১৪ |
| বগুড়া | সারিয়াকান্দি | যমুনা | ১৭.০২ | +০২ | ১৬.৭০ | +৩২ |
| সিরাজগঞ্জ | কাজিপুর | যমুনা | ১৫.৫৬ | +০৫ | ১৫.২৫ | +৩১ |
| সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ | যমুনা | ১৩.৬৯ | +০০ | ১৩.৩৫ | +৩৪ |
| সিরাজগঞ্জ | বাঘাবাড়ি | আত্রাই | ১০.৮০ | +০৩ | ১০.৪০ | +৪০ |
| টাংগাইল | পোড়াবাড়ি | যমুনা | ১১.৯৭ | +০০ | ১১.৯০ | +০৭ |
| টাংগাইল | এলাসিন | ধলেশ্বরী | ১১.৮৫ | +০৫ | ১১.৪০ | +৪৫ |
| পাবনা | মথুরা | যমুনা | ১০.১২ | +০০ | ১০.০৬ | +০৬ |
| মানিকগঞ্জ | আরিচা | যমুনা | ৯.৪৫ | +০৩ | ৯.৪০ | +০৫ |
| রাজবাড়ী | গোয়ালন্দ | পদ্মা | ৯.১১ | +০২ | ৮.৬৫ | +৪৬ |

## ৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মৌলভীবাজার | ৯৩.০ | মনু রেলওয়ে ব্রিজ | ৬১.০ |

## ৫ (ক)। গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| আইজল | ২৫.০ | দার্জিলিং | ২২.০ |

## ৬। বন্যা পরিস্থিতিঃ

**রাজবাড়ীঃ জেলা প্রশাসক, রাজবাড়ীর এক পত্রের মাধ্যমে জানা যায় যে, জেলার উপর দিয়ে প্রবাহিত পদ্মা নদীর পানি দৌলতদিয়া পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৪৬ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। উপজেলাসমূহ থেকে প্রাপ্ত তথ্যমতে জেলার ৫টি উপজেলার ১৩ টি ইউনিয়নের ৬৭ গ্রাম বন্যা কবলিত হয়েছে। পানিবন্দি হয়ে ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা ৭৫১৫টি। আশ্রয়কেন্দ্রসমূহে কোন লোক নাই। নদীর পানি বৃদ্ধি পাওয়ায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে ২১৩.০০ মেঃটন চাল এবং ১০,০০,০০০/-নগদ টাকা উপবরাদ্দ প্রদান করা হয়েছে। তম্মধ্যে ১,১০,০০০/-টাকা এবং ৬১.৫০০ মেঃটন চাল বিতরণ করা হয়েছে।**

**বগুড়াঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বগুড়া এর নিকট থেকে প্রাপ্ত পত্রে জানা যায় যে, জেলায় যমুনা নদীর পানি সারিয়াকান্দি পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৩২ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং বাঙ্গালী নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে সৃষ্ট বন্যায় জেলার ৩টি উপজেলার ১৬ ইউনিয়নের ১১,১৫০ টি পরিবারের ৪৫,২০০ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে বন্যা প্রবণ উপজেলায় ১২০.০০ মেঃটন ত্রাণ কার্য (চাল) উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।**

**ফেনীঃ জেলা প্রশাসক, ফেনী এর পত্রের মাধ্যমে জানা যায় যে, পাহাড়ী ঢলের কারণে ফেনী জেলার ফুলগাজী সদর ইউপির অন্তর্গত মুহরী নদীর ১ (এক) টি স্থানে বাঁধ ভেঙ্গে জয়পুর গ্রামের নিম্নাঞ্চল প্লাবিত হয়। প্রাথমিক তথ্য অনুযায়ী উক্ত গ্রামের ৩০০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে মানবিক সহায়তা হিসেবে ৩০০ প্যাকেট (শুকনা খাবার) বিতরণ করা হয়েছে। বন্যার পরিস্থিতির পর্যবেক্ষণ করা হচ্ছে। নতুন করে কোন এলাকা প্লাবিত হয়নি। বন্যার পানি নেমে গেছে। বন্যা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক আছে।**

## ৭। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৮ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২৯ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ২ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |
| ৮। | রংপুর | ১ | ০ | ০ |
| | | | | |
| | মোট | ০৭ | ২ | ০ |

## ৭(ক)। উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

**ঢাকাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পাওয়া তথ্য হতে জানা যায় যে, গত (২৯.০৮.২০২১খ্রি) তারিখ দক্ষিণ মাতুয়াইল, বিশ্বরোড, ঢাকা এলাকায় একটি সিএনজি পাম্পে বৈদ্যুতিক গোলযোগে সকাল ০৭:২৭ ঘটিকায় অগ্নিকান্ডের সূত্রপাত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌছানোর পূর্বেই আগুন নিয়ন্ত্রণে আসে। এ অগ্নিকান্ডে দুইজন আহত হয়।

## ৮ (ক)।দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সংযুক্ত আরব আমিরাত সরকার কর্তৃক উপহার হিসাবে প্রদত্ত খাদ্য সামগ্রীর মধ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর মাঝে বিতরনের জন্য ৫০০ (পাঁচ শত) কার্টুন খাদ্য সামগ্রী শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এর অনুকুলে ছাড় করা হয়েছে।
- গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক অতিবর্ষণের কারণে বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, ঢাকা-১৯ নির্বাচনী এলাকার জন্য শুকনা ও অন্যান্য খাবার২,০০০/-( দুই হাজার) প্যাকেট/বস্তা বরাদ্দদেয়া হয়েছে।

## ৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ৩০/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ২৮,৯৪,২৫,০০০/- (আটাশ কোটি চুরান্নব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৩৯,৯৭,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি সাতান্নব্বই লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ১৯,৫০০ (উনিশ হাজার পাঁচশত) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,০৭,২০০ (সাত লক্ষ সাত হাজার দুইশত) প্যাকেট |
| ৫ | ঢেউটিন | ৩০০ বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল | ৩২,১০০ (বত্রিশ হাজার একশত) বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৯,০০,০০০/ টাকা | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা | ৯,৬৩,০০,০০০/- (নয় কোটি তেষট্টি লক্ষ ) টাকা |
| ৭। | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ৭০০ কার্টুন | - | ৭০০ কার্টুন |

**৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২৯/০৮/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরশন | সর্বমোট |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ২,৪২,৫৩৩ টি | ৯,৩৬৪ টি | **২,৫১,৮৯৭ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ১০,৫৪,৫৭৬ জন | ৪৬,৩০৯ জন | **১১,০০,৮৮৫ জন** |

**৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

৩০-৮-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা


ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com


স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৭৭/১(১৭১)

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৮
৩০ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩০-৮-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা